

দৈনিক

ইকিলাব

তারিখ . . . . .  
বৃথা . . . . . 2 JUN 2003  
কলা . . . . . 8

## এইচএসসি পরীক্ষার ৩য় দিনে ৬ শতাধিক বহিষ্কার

স্টাফ রিপোর্টার : এইচএসসি এবং আলিম ও ফাজিল পরীক্ষার তৃতীয় দিনে গতকাল বাংলাদেশ ১ম পত্র ও হাদীস বিষয়ের পরীক্ষায় সারাদেশে-মকলের মধ্যে ৬ শিক্ষকসহ ৬ পের্সোনাল পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এর মধ্যে এইচএসসির বাংলা পরীক্ষায় রাজশাহী বোর্ডে ১ জন শিক্ষকসহ ১২৪ জন পরীক্ষার্থী, ঢাকা বোর্ডে ৬৪ জন পরীক্ষার্থী, চট্টগ্রাম বোর্ডে ৪১ জন, বরিশাল বোর্ডে ২৮ জন, যশোর বোর্ডে ২৬ জন, ফরিদা বোর্ডে

২২ জন, সিলেট বোর্ডে ৯ জন, কারিগরি শিক্ষা বোর্ডে ৬৭ জন এবং মাদ্রাসা বোর্ডের আলিম ও ২-এর পূঃ ও-এর কঃ দেখুন

### ৬ শতাধিক বহিষ্কার

প্রথম পত্রের পর ফাজিল পরীক্ষার হাদীস বিষয়ে ২ শিক্ষকসহ মোট ২৩৭ জন বহিষ্কৃত হয়। সিলেট বোর্ডে হবিগঞ্জ আলীফ সোবহান কেন্দ্রের পরীক্ষা শেষে বাড়ী ফেরার পথে ডিজিটাল টাইমের সদস্য ও মৌলভীবাজার সরকারী কলেজের একজন শিক্ষককে জনৈক বহিষ্কৃত পরীক্ষার্থী অন্তর্কিতে হামলা চালিয়ে মারাত্মক আহত করে। গুরুতর অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। হামলাকারী ঐ বহিষ্কৃত পরীক্ষার্থীকে প্রেফতারের জন্য ব্যাপক পুলিশী তৎপরতা চলছে।

সিলেট অফিস জানায়, পরীক্ষায় অসম্পূর্ণ অবলম্বনের দায়ে গতকাল (রবিবার) সিলেট বোর্ডে সর্বমোট ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে সিলেট জেলায় ২ জন, হবিগঞ্জে ২ জন, মৌলভীবাজারে ১ জন ও সুনামগঞ্জ জেলার বিভিন্ন কেন্দ্রে হতে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

যশোর দ্বারো জানায়, গতকাল (রবিবার) যশোর শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষায় মকলের দায়ে মোট ২৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।